ASSAM BOARD QUESTION PAPER

2024

Download PDF
aglasem.com

24E—MBEN

2024

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 100
Pass Marks : 30

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

ALLOTMENT OF MARKS

Q. No. **1** carries *1* mark each	:	1×12 = 12
Q. No. **2** carries *2* marks each	:	2×4 = 8
Q. No. **3** carries *2* marks each	:	2×6 = 12
Q. No. **4** carries *4* marks each	:	4×4 = 16
Q. No. **5** carries *4* marks each	:	4×4 = 16
Q. No. **6** carries *11* marks	:	= 11
Q. No. **7** carries *6* marks each	:	6×2 = 12
Q. No. **8** carries *13* marks	:	= 13
		Total = 100

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন বারোটি) : ১×১২=১২

(ক) 'ইচ্ছেপূরণ' গল্পটি কার লেখা ?

(খ) ''ঠাকুরঝি ক্ষেপেছ নাকি ?'' ঠাকুরঝি কে ?

(গ) লাচার বলতে কী বোঝ ?

(ঘ) 'আহার ও পানীয়' রচনাটি কোন্ গ্রন্থের অন্তর্গত ?

(ঙ) গোজেনের সন্তানের নাম কী ?

(চ) মাঝির বাড়ি কোথায় ছিল ?

(ছ) কোন্ মন্দিরের দরজার চৌকাঠে খোদিত লিপিতে হর্ষবর্মার বিজয় উল্লিখিত আছে ?

(জ) 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে ?

(ঝ) হরবোলা শব্দের অর্থ কী ?

(ঞ) কার শরীরে কম্প দিয়ে জ্বর আসত ?

(ট) 'কেউ কথা রাখেনি' কবিতায় মাঝির নাম কী ?

(ঠ) 'ভাড়াটে চাই' নাটকটি কার লেখা ?

(ঙ) ভূপেনবাবুর ভাইপোর নাম কী?

(চ) বাংলা শব্দভাণ্ডার প্রধানত ক'ভাগে বিভক্ত?

(ণ) চাকচক্য বাংলায় প্রচলিত হলেও এর শুদ্ধ রূপটি কী?

২। যে-কোন চারটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) শনিবার দিন সুশীল স্কুলে যেতে চাইছিল না কেন?

(খ) ''কিন্তু দাও এবার আমাকে কাহন-দুই খড়''—কে, কার প্রতি এই উক্তি করেছে?

(গ) অষ্ট্রিক জাতির যে কোনো দুটি চরিত্র-লক্ষণের উল্লেখ করো।

(ঘ) 'সৃষ্টির আদিকথা ও জুমচাষ প্রচলনের কাহিনি' গল্পটি কোন্ উপজাতি সম্পর্কীয়? তাদের ভাষায় ঈশ্বরকে কী বলে?

(ঙ) ''পরিচয়কে স্বীকার করতে উভয়েই নারাজ।'' উভয়ে বলতে কাদের কথা বলা হয়েছে? কেন তারা পরিচয় দিচ্ছিল না?

৩। 'ক'—অংশ ও 'খ'—অংশ থেকে তিনটি করে প্রশ্নের উত্তর দাও : ২×৬=১২

'ক'—অংশ

(ক) চৈতন্যদেবের পিতামাতার নাম উল্লেখ করো।

(ঘ) তেয়াটিয়া তাল বলতে কী বোঝ ? তেয়াটিয়া তালের সঙ্গে কালকেতুর কী সম্পর্ক ?

(ঙ) শেওড়া বনে হাজরা তলায়, শ্মশান ঘাটায় বটের শাখায় কারা কারা থাকে ?

(চ) 'ফুল ফুটুক না ফুটুক' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ? সংকলনটি কোন্ সালে প্রকাশিত হয়েছিল ?

'খ'—অংশ

(ছ) ভূপেনবাবু যে হলঘরটি ভাড়া দেবেন বলে ঠিক করেছিলেন সেটি কেমন ছিল ?

(জ) কে 'দাড়িওলা' সেজেছিল এবং কেন ?

(ঝ) ঘরভাড়া চাইতে আসা চারজন ব্যক্তির নাম উল্লেখ করো।

(ঞ) ''খাস আইডিয়া—কাকা''—বক্তা কে ? আইডিয়াটি কী ?

৪। যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাও : ৪×৪=১৬

(ক) টীকা লেখো :

বেহুলা ; চন্দ্রভুক অমাবস্যা।

(খ) ''বছিরদ্দির ঘুম ভেঙে যায়''—কেন বছিরদ্দির ঘুম ভেঙে যায় ? তারপর সে কী করে ?

(গ) 'কালকেতুর ভোজন' অবলম্বনে কালকেতুর ভোজনের একটি সংক্ষিপ্ত বিবরণ দাও।

(ঘ) 'ফুল ফুটুক না ফুটুক' কবিতায় কবির বসন্ত-চেতনার অভিনবত্বের পরিচয় দাও।

(ঙ) ''জল বিনা যেন হয় মৎস্যের জীবন''—প্রসঙ্গ ব্যাখ্যা করো।

৫। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও (যে-কোন চারটি) : ৪×৪=১৬

(ক) ''আহার শুদ্ধ হলে মন শুদ্ধ হয়''—বিবেকানন্দের অনুসরণে মন্তব্যটির গুরুত্ব আলোচনা করো।

(খ) 'আদাব' গল্পের কাহিনির সঙ্গে নামকরণের সঙ্গতি রয়েছে কিনা, আলোচনা করো।

(গ) লজ্জাবতীর চরিত্র সংক্ষেপে বিশ্লেষণ করো।

(ঘ) কামরূপের শাসনকর্তারা কাদের এবং কেন তাম্রপত্র দিতেন?

(ঙ) ''আচ্ছা, ভালো, কিছুদিন ইহাদের ইচ্ছা পূর্ণ করিয়াই দেখা যাক্।''
উক্তিটি কার? তিনি কাদের ইচ্ছা পূর্ণ করেছিলেন? তার ফলে কী হয়েছিল, সংক্ষেপে লেখো।

৬। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো : ৬+৫=১১

(ক) ''মহারাণীর রাজত্বে কেউ কারো গোলাম নয়। খাজনা দিয়ে বাস করি, আমি যাবো না।''

অথবা

''বিচারক যেখানে বিধিবদ্ধ বিধানের মধ্যে আবদ্ধ নয়, সেখানে বিচার হয় না, বিচারের নামে ঘটে স্বেচ্ছাচার। তাই ওইটুকু অপরাধে শৈলর অদৃষ্টে গুরুদণ্ড হইয়া গেল, সেই রাত্রেই তাহার নির্বাসনের ব্যবস্থা হইল।''

(খ) ''কেউ কথা রাখেনি, তেত্রিশ বছর কাটলো, কেউ কথা রাখেনি।''

অথবা

''ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিল ইন্দ্রের সভায়
বাংলার নদী মাঠ ভাঁটফুল ঘুঙুরের মতো তার কেঁদেছিল পায়।''

৭। (ক) বিপদের আশঙ্কা সত্ত্বেও মাঝি সেই রাত্রেই বাড়ি ফিরে যেতে চেয়েছিল কেন? মাঝির পরিণতি কী হয়েছিল, আলোচনা করো। ৬

অথবা

''বড় মানুষের ঝি, একটা নেপ দিয়েছিলুম তা ফেরত দেওয়া হয়েছে।'' কাকে উদ্দেশ্য করে, কে একথা বলেছেন? প্রসঙ্গ উল্লেখ করে ঘটনাটি বিশদ করো।

(খ) ভূপেনবাবুর ঘরটি গাবলু ও তার বন্ধুরা কোন্ কাজে ব্যবহার করতে চেয়েছিল? তাদের ইচ্ছা কীভাবে বাস্তবায়িত হয়েছিল? ৬

অথবা

''পৃথিবীতে কোথাও ভদ্রলোক নেই দেখছি।''

বক্তা কে? 'ভাড়াটে চাই' নাটক অবলম্বনে ঘটনাটি বিশ্লেষণ করো।

৮। নির্দেশানুযায়ী উত্তর দাও :

(ক) পদ পরিবর্তন করো (যে-কোন তিনটি) : ১×৩=৩

আকুলতা ; মেরুদণ্ড ; পিতা ; তরুণ ; পরিতৃপ্ত ; উপবাসী।

(খ) উদাহরণসহ টীকা লেখো (যে-কোন দুটি) : ২×২=৪

তৎসম শব্দ ; আগন্তুক শব্দ ; তদ্ভব শব্দ ; বিদেশি শব্দ।

(গ) অশুদ্ধি সংশোধন করো (যে-কোন তিনটি) : ১×৩=৩

অনাটন ; মনমোহন ; আবিষ্কার ; কালীদাস ; ভবিষ্যত্।

(ঘ) কারক-বিভক্তি নির্ণয় করো (যে-কোন তিনটি) : ১×৩=৩

(১) অন্ধজনে দেহ আলো।

(২) পাখি সব করে রব রাতি পোহাইল।

(৩) এই কলমের লেখা খুব সুন্দর।

(৪) বুদ্ধি খাটিয়ে কাজ করো।

(৫) যেখানে বাঘের ভয় সেখানে সন্ধ্যা হয়।

(৬) তিলে তেল হয়।

★★★

24E—ADBE

2024

ADVANCE BENGALI

Full Marks : 100
Pass Marks : 30

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

ALLOTMENT OF MARKS

Q. No. **1** carries *1* mark each	:	1×12 = 12
Q. No. **2** carries *2* marks each	:	2×12 = 24
Q. Nos. **3 & 4** carry *8* marks each	:	8×2 = 16
Q. No. **5** carries *8* marks	:	= 8
Q. No. **6** carries *6* marks	:	= 6
Q. No. **7** carries *6* marks	:	= 6
Q. No. **8** carries *6* marks	:	= 6
Q. No. **9** carries *10* marks	:	= 10
Q. No. **10** carries *4* marks each	:	4×3 = 12
		Total = 100

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১২=১২

(ক) 'সুদূরের আহ্বান' কবিতাটির কবি কে?

(খ) উজোর শব্দের অর্থ কী?

(গ) চাঁদের শতক আজ নহে তো
এ যুগে _____ হলো কাস্তে!

(শূন্যস্থান পূর্ণ করো)

(ঘ) 'রাজধর্ম' প্রবন্ধটি কোন্ গ্রন্থের সংকলন?

(ঙ) 'চর্যাপদ' গ্রন্থটি কে আবিষ্কার করেন?

(চ) 'রূপকথা' প্রবন্ধটি কার রচনা?

(ছ) ''জীবনের সব রাত্রিকে ওরা কিনেছে অল্প দামে''—ওরা বলতে কাদের বোঝানো হয়েছে?

(জ) 'উত্তরাধিকার' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ঝ) ''নদী, তুমি কোথা হইতে আসিয়াছ?'' উত্তরে নদী কী বলত?

(ঞ) হোমার কোন্ দেশের কবি?

(ট) 'মনসামঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবি কে?

(ঠ) ''দীর্ঘ প্রবাসের পর উৎসে মিলিত হইতে যাইতেছি।'' বক্তা কে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×১২=২৪

(ক) রূপকথার বিরুদ্ধে প্রাপ্তবয়স্কদের প্রধান অভিযোগ দুটি কী কী ?

(খ) "তোরা এ কী সর্বনাশ করিয়াছিস্"—কে, কোন্ প্রসঙ্গে এই উক্তি করেছিল ?

(গ) মৈথিল কোকিল কে ? তিনি কোন্ রাজসভার সভাকবি ছিলেন ?

(ঘ) "তখন সমস্ত হৃদয় প্রসন্ন হইয়া উঠে"—কখন, কার হৃদয় প্রসন্ন হয় ?

(ঙ) দুর্মুখ কে ? তাকে কোন্ কাজে নিয়োজিত করা হয়েছিল ?

(চ) "তবে তুমি গাড়িতে বসে থাক, আমি চট করে ফুল তুলে আনছি।" উক্তিটি কার ? সে কী ফুল তুলতে গিয়েছিল ?

(ছ) 'ভাগবত'-এর শ্রেষ্ঠ অনুবাদক কে ? তিনি কোন্ কাব্যগ্রন্থ রচনা করে বিখ্যাত হয়েছিলেন ?

(জ) এপিক কাকে বলে ? 'রামায়ণ' কি যথার্থ এপিকধর্মী কাব্য ?

(ঝ) 'সনেট' কবিতাটির রচয়িতা কে ? তাঁর রচিত দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(ঞ) ''কি পেখলুঁ নটবর গৌরকিশোর''—নটবর কে? গৌরকিশোর বলতে কাকে বোঝানো হয়েছে?

(ট) দৌলতকাজী রচিত দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(ঠ) ''কাস্তেটা শান দিও বন্ধু''—এখানে বন্ধু কাকে বলা হয়েছে? কাস্তে কিসের প্রতীক?

৩। (ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো : ৪

''তবু জ্বলে যেই দীপশিখা
তারি চিত্তে শঙ্কাকুল সেই শান্তি-সম
শান্তিতে ভরিয়া যাক এ-জীবন মম।''

অথবা

''অগ্নি আখরে আকাশে যাহারা লিখিছে আপন নাম
চেন কি তাদের ভাই?
দুই তুরঙ্গ জীবনমৃত্যু জুড়ে তারা উদ্দাম
দুয়েরি বল্গা নাই।''

(খ) নীচের প্রশ্নের উত্তর দাও : ৪

''এ জগতে হায় সেই বেশি চায় আছে যার ভূরি ভূরি
রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।''

বক্তা কে? প্রসঙ্গটি বুঝিয়ে দাও।

অথবা

'উত্তরাধিকার' কবিতাটির রচয়িতা কে? কবি কাকে, কিসের উত্তরাধিকারী বলেছেন, আলোচনা করো।

৪। (ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো : ৪

আমরা বিদেশী, আমরা নিশ্চয় বলিতে পারি না গ্রীস ও রোম তাহার সমস্ত প্রকৃতিকে তাহার দুই কাব্যে প্রকাশ করিতে পারিয়াছে কি না, কিন্তু ইহা নিশ্চয় যে ভারতবর্ষ 'রামায়ণ', 'মহাভারত'-এ আপনাকে আর কিছুই বাকি রাখে নাই।

অথবা

গভীর জলধি কখনও অল্প কারণে আকুলিত হয় না, সামান্য বায়ুবেগের প্রভাবে হিমাচল কদাচ বিচলিত হইতে পারে না।

(খ) নীচের প্রশ্নের উত্তর দাও : ৪

"রূপকথাকে প্রকৃত সাহিত্যের নিয়মে বিচার করিলে এর প্রতি অবিচারই করা হইবে।" উক্তিটির যথার্থতা প্রতিপন্ন করো।

অথবা

"আইস আমরা ইহার অস্থি দিয়া পৃথিবীর দেহ নূতন করিয়া নির্মাণ করি।" এখানে কাদের কথা বলা হয়েছে? তারা কীভাবে পৃথিবীর দেহ নতুন করে নির্মাণ করে, বুঝিয়ে দাও।

৫। (ক) প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো : ৪

তখন বুঝিতে পারিলাম সেও যে আমিও সে, সেও পিতা আমিও পিতা।

অথবা

অবশেষে নালিশ ব্যক্তিকে ছাড়িয়া জাতিতে গিয়া পৌঁছিল।

(খ) নীচের প্রশ্নের উত্তর দাও : ৪

"এমনতরো আস্ত নির্বোধ সমস্ত শহর খুঁজিলে মিলে না।" এখানে কার কথা বলা হয়েছে? কেন বলা হয়েছে, বুঝিয়ে দাও।

অথবা

''বাস্তবিক, শিশুর মাথায় এ বুদ্ধি কী করে জোগাইল বলা শক্ত।'' অর্থ পরিস্ফুট করো।

৬। 'কাস্তে' কবিতার মধ্যে কবি যে যুগ ও জীবনের পরিচয় দিয়েছেন সে সম্পর্কে আলোচনা করো। ৬

অথবা

'রানার' কবিতার নামকরণের সার্থকতা বিচার করো।

৭। '' 'রামায়ণ'-এর প্রধান বিশেষত্ব এই যে তা ঘরের কথাকে অত্যন্ত বৃহৎ করিয়া দেখাইয়াছে।'' অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো। ৬

৮। রাইচরণের চরিত্রটি বিশ্লেষণ করো। ৬

অথবা

'রামকানাইয়ের নির্বুদ্ধিতা' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

৯। শ্রীচৈতন্যের আবির্ভাবে বাংলা সাহিত্যে যে উন্নতি ও সমৃদ্ধির সূচনা হয় তা সংক্ষেপে বর্ণনা করো। ১০

অথবা

বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য সম্বন্ধে আলোচনা করো।

১০। টীকা লেখো (যে কোনো তিনটি) : ৪×৩=১২

মুকুন্দরাম চক্রবর্তী; গোবিন্দদাস; কবীন্দ্র পরমেশ্বর; অন্নদামঙ্গল; গোরক্ষ-বিজয়; মালাধর বসু; গীতগোবিন্দ।

★★★

QUESTION PAPERS

GET PREVIOUS YEAR QUESTION PAPERS FOR ALL CLASSES FOR CBSE, ISCSE, ISC AND ALL ALL STATE BOARDS HERE AT AGLASEM.COM

BOARD WISE

- Andhra Pradesh Board Question Papers
- Assam Board Question Papers
- Bihar Board Question Papers
- Chhattisgarh Board Question Papers
- Goa Board Question Papers
- Gujarat Board Question Papers
- Haryana Board Question Papers
- Himachal Pradesh Board Question Papers
- J&K State Board Question Papers
- Jharkhand Board Question Papers
- Karnataka Board Question Papers
- Kerala Board Question Papers
- Madhya Pradesh Board Question Papers
- Maharashtra State Board Question Papers
- Manipur Board Question Papers
- Meghalaya Board Question Papers
- Mizoram Board Question Papers
- Nagaland Board Question Papers
- Orissa Board Question Papers
- Punjab Board Question Papers
- Rajasthan Board Question Papers
- Tamil Nadu Board Question Papers
- Telangana State Board Question Papers
- Tripura Board Question Papers
- Uttarakhand Board Question Papers
- Uttar Pradesh (UP) Board Question Papers
- West Bengal (WB) Board Question Papers